

আবু মোহাম্মদ আমিন উদ্দিন
বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল
ও
কমিশনের সদস্য



জনাব আবু মোহাম্মদ আমিন উদ্দিনের জন্ম ০১.১০.১৯৬৩ খ্রিষ্টাব্দে মৌলভীবাজার জেলায়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৪ খ্রিষ্টাব্দে রাষ্ট্রবিজ্ঞানে এম.এ ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে ১৯৮৬ খ্রিষ্টাব্দে ঢাকা আইন কলেজ হতে এলএল.বি ডিগ্রী অর্জন করেন।

জনাব আমিন উদ্দিন ১৯৮৭ খ্রিষ্টাব্দে আইন পেশায় সনদ লাভের পর একই বছর ঢাকা আইনজীবী সমিতির সদস্য হিসাবে তালিকাভুক্ত হন। তিনি ১৯৮৯ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে এবং ২০০৪ খ্রিষ্টাব্দে একই কোর্টের আপীল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হন।

জনাব আমিন উদ্দিন ২০১৫ খ্রিষ্টাব্দে আপিল বিভাগে সিনিয়র আইনজীবী হিসাবে সনদ লাভ করেন। উচ্চতর আদালতে আইন চর্চাসহ দীর্ঘ কর্মজীবনে তিনি ২০০৬-২০০৭ ও ২০০৭-২০০৮ মেয়াদকালে বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সম্পাদকের দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ মেয়াদে তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়া ২০২২ খ্রিষ্টাব্দে নির্বাচিত সভাপতির মৃত্যুতে তিনি ২০২২-২৩ খ্রিষ্টাব্দেও সমিতির সভাপতির দায়িত্ব পালন করেন।

জনাব আমিন উদ্দিন সেপ্টেম্বর, ১৯৯৬ খ্রিষ্টাব্দ হতে ফেব্রুয়ারী, ২০০১ খ্রিষ্টাব্দ পর্যন্ত বাংলাদেশের সহকারী অ্যাটর্নি-জেনারেল এবং ফেব্রুয়ারী, ২০০১ খ্রিষ্টাব্দ হতে অক্টোবর, ২০০১ খ্রিষ্টাব্দ পর্যন্ত ডেপুটি অ্যাটর্নি-জেনারেল হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি ০৮.১০.২০২০ খ্রিষ্টাব্দ হতে বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল এর দায়িত্ব পালন করে আসছেন।